

রক্তমাখা ধর্ম

রক্ত খাবো বলে ছেলে
যেই ধরেছে বায়না
একটি চড়ে বসিয়ে তাকে
ধম্কে দিলো হায়না।

চোখ পাকিয়ে বলল, শোনো,
গুজরাতে কেউ যায় না;
রক্তনদী বইছে - তবু
শেয়ালে তা' খায়না।

ও সব খুনে গন্ধভীষণ
হাজার ধুলেও যায়না
কোন্টা মায়ের, কোন্টা শিশুর
হৃদিশ তো কেউ পায়না।

যেমন তেমন রক্ত তো আর
হায়না চেটে খায়না।
ধর্ম নামে রক্ত ঝরায়--
ধর্ম কিন্তু চায়না।

অবি সরকার

